

দৃষ্টি আকর্ষনকারী লেখা

টিপস্‌ ও ফ্যাট্ট
শীট

দৃষ্টি আকর্ষনকারী ও বিশ্বাসযোগ্য ভাবে প্রচারণামূলক লেখার মাধ্যমে জনগনকে আকৃষ্ট করা ও তাদের সমর্থন পাবার জন্যে নিচের বিষয়গুলোর দিকে দৃষ্টি দেয়া উচিত।

আকৃষ্ট করা: শিরোনাম ও প্রথম বাক্যটি প্রাসঙ্গিক ও আকর্ষনীয় করা।

সংক্ষিপ্ততা: দৃঢ়তর সাথে স্পষ্টভাবে পাঠককে আপনার বক্তব্য বলুন এবং এটি যে তার জন্যে প্রয়োজনীয় সেটি উল্লেখ করুন। কি বলতে চান সেটি পাঠককে অনুমান করতে বাধ্য না করে পরিকার ভাবে উল্লেখ করুন।

স্পষ্টতা: যে বার্তাটি প্রকাশ করতে চান সেটি স্পষ্টভাবে বলুন। পাঠকেরা কখনেই বুঝতে পারবে না যদি আপনি নিজে স্পষ্টভাবে না বলেন।

সাফল্যের জন্যে আপনার দর্শক, শ্রোতা, পাঠকের মনোভাব জানতে হবে। তাদের জ্ঞান, আগ্রহ ও বোঝার স্তরের উপর নির্ভর করে লিখুন।



কার্যকর প্রচারণামূলক লেখার জন্যে আরও কিছু টিপ্স:

- অদ্যাবধি, অপভাষা ও প্রযুক্তিগত ভাষা পরিহার করুন।
- অবাস্তব কোন দারী করবেন না তাহলে পাঠকের আস্থা সেই সাথে আপনার বিশ্বাস যেগ্যতা নষ্ট হবে। আপনার কাজ হচ্ছে বার বার লেখাটি পড়া, এর পরিবর্ধন, পরিমার্জন ও সংশোধন করা এবং ছাপার নির্ভূলতার জন্যে প্রুফ রিড করা।
- লেখাটি সংক্ষিপ্ত, স্পষ্ট ও হস্তযোগী করুন।
- সঠিক ব্যাকরণ ও বানান লিখুন। বানানের নির্ভূলতার জন্যে ওয়ার্ড প্রসেসর ব্যবহার করুন কিন্তু সচেতন থাকুন যে ওয়ার্ড প্রসেসের বানান চেক সব সময় শুধু শব্দ ও বানানটি নির্বাচন করে না।

পরিকার, সংক্ষিপ্ত, আকৃষ্টকারী লেখার জন্যে দিক নির্দেশনা-

দিক নির্দেশনা	বর্জনীয়/খারাপ উদাহরণ	গুণমোগ্য/ভালো উদাহরণ
অপ্রয়োজনীয় ও অভিনব শব্দ এবং বাক্ধারা ব্যবহার না করা।	আমরা ব্যবহার করি সেই ট্রাইট যা কৃষক ব্যবহার করে। নব বীজের তড়িৎ সরবরাহের মাধ্যমে স্থানীয় কৃষকরা এতে উপকৃত হয়।	আমরা কৃষকের ট্রাইট ব্যবহার করি। এতে দ্রুত নতুন বীজ কৃষকদের কাছে সরবরাহ করা যায় ফলে তারা লাভবান হয়।
জটিল কর্মবাচ্য ব্যবহার না করে সহজ সরল কর্তব্যাচ্য ব্যবহার করুন।		
মেতিবাচক বাক্য ব্যবহারের পরিবর্তে ইতিবাচক বাক্য ব্যবহার করুন।	মৌসুমের শুরুতেই বৃষ্টিপাত হয় না।	মৌসুমী বৃষ্টিপাত হতে একটু দেরী হয়।
প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহার করা থেকে বিরত থাকুন। যদি আপনি মাত্র ২০০ শব্দে কোন বিষয় ব্যাখ্যা করতে পারেন তাহলে কেন সেখানে ১০০০ শব্দ ব্যবহার করবেন? (কর্তব্যাচ্য ও কর্মবাচ্য আপনাকে এক্ষেত্রে সাহায্য করবে।)	সে এখন ঢাকায় চলে এসেছে। কারণ হচ্ছে তার স্তৰী অসুস্থ। ধান হতে পারে একটি কষ্ট সাধ্য শস্য যখন শস্য সংগ্রহের সময় আসে।	তার স্ত্রী অসুস্থ তাই তিনি ঢাকায় চলে এসেছেন। ধান সংগ্রহ কষ্ট সাধ্য হতে পারে।
ভাব প্রকাশে দৃঢ় হোন। করতে পারে, হতে পারে, হয়তো, প্রতিজ্ঞাবদ্ধ হয়ে করতে পারেন, ইত্যাদী শব্দ এড়িয়ে চলুন।	প্রযুক্তি কৃষকের জন্যে উপকারী হতে পারে। কৃষকদের উন্নত বীজ উৎপাদনে আমরা প্রতিজ্ঞাবদ্ধ।	প্রযুক্তি কৃষকের জন্যে উপকারী। কৃষকদের উন্নতবীজ উৎপাদনের জন্যে আমরা সাহায্য করছি।
জনসাধারণকে বুঝতে দিন যে, আপনি তাদের জন্যেই লিখেছেন। সেটি বোঝানোর জন্যে, আমি, তুমি/আপনি, আপনারা, আমরা, আমাদের শব্দগুলো ব্যবহার করুন।	যদি কৃষকেরা দেরীতে জমিতে সার প্রয়োগ করে তাহলে তাদের শস্য ক্ষতিগ্রস্ত হবে।	যদি আপনি মৌসুমের শেষের দিকে জমিতে সার প্রয়োগ করেন তাহলে আপনার শস্য ক্ষতিগ্রস্ত হবে।
সুনির্দিষ্ট হোন। বিশেষ কোন কিছুর বর্ণনায় সর্বসাধারণের জন্যে যে শব্দ ব্যবহৃত হয় সে শব্দ ব্যবহার করা থেকে বিরত থাকুন।	নুতন প্রযুক্তি ব্যবসায়ীদের জীবন ব্যবস্থায় উন্নয়ন ঘটাবে। সকল ব্যবসায়ী ও পাইকার নুতন প্রযুক্তির ব্যবহারে লাভবান হবেন।	নুতন সেচ পদ্ধতি কৃষকদের ব্যয় কমিয়ে লাভের পরিমাণ বাঢ়াতে সাহায্য করবে। আমরা বিশ্বাস করি নুতন প্রযুক্তি কৃষক ও কৃষি কাজের সাথে জড়িতদের সাহায্য করবে।



Originally prepared by MA Bell January, 2013
(based on AP Barclay and M Bell 2007)

Translated by Md. Nurul Alam Siddique, December, 2013

Copyright © BIID, 2013. All Rights Reserved.

Modified and used with permission by the USAID/MEAS Project.

For more information visit: <http://ip.ucdavis.edu>

